ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৫৮৪

আগরতলা, ২৮ আগস্ট, ২০২৫

**প্রচুর গাছ লাগিয়ে পরিবেশ সুস্থ রাখতে হবে ঃ পরিসংখ্যান মন্ত্রী**

একটি গাছ, একটি প্রাণ। বিপুল পরিমাণে বৃক্ষ রোপন করে পরিবেশকে সুস্থ রাখতে হবে। আমাদের পরিবেশ সুস্থ থাকলে আমরা সুস্থভাবে বাঁচতে পারবো। আজ আগরতলার ভাটি অভয়নগরের মোল্লাপাড়া জে বি স্কুলে পরিসংখ্যান দপ্তরের উদ্যোগে 'এক পের মা কে নাম'কর্মসূচিতে পরিসংখ্যান দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির হাত ধরে সূচনা হয় এই কর্মসূচির। তিনি সমাজের প্রত্যেককে নিজের মায়ের প্রতি শ্রদ্ধা জানিয়ে তার নামে একটি গাছ লাগানোর বার্তা দেন। পরিসংখ্যান মন্ত্রী বলেন, আগামী দিনে ত্রিপুরাকে গ্রীণ সিটি হিসাবে গড়ে তুলতে হবে। প্রচুর পরিমাণে গাছ লাগিয়ে পরিবেশকে সবুজ করে গড়ে তুলতে হবে।

এই কর্মসূচিতে উপস্থিত থেকে আগরতলা পুরনিগমের মেয়র ইন কাউন্সিল গৌতম চন্দ বলেন, শুধুমাত্র বৃক্ষরোপন করেই দায়িত্ব শেষ নয়, সেই চারা গাছকে রক্ষণাবেক্ষণের দায়িত্ব ভালোভাবে পালন করতে হবে। তিনি বলেন, রাজ্যের উন্নয়নের পাশাপাশি পরিবেশ যেন সুস্থ থাকে সেদিকেও লক্ষ্য রাখতে হবে। এদিনের এই কর্মসূচিতে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পরিসংখ্যান দপ্তরের অধিকর্তা দেবানন্দ রিয়াং, যুগ্ম অধিকর্তা সহ এলাকার বিশিষ্ট ব্যক্তিত্বরা। অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ বিদ্যালয়ের চারপাশে বৃক্ষরোপন করে এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

******